

পত্র নম্বর ১৩.০১.০০০০.০৯১.৮৫.০৮৩.১৯. ৯১৫(৭)

তারিখ: ২৫/০৮/২০১৯ খ্রি:

বিষয়ঃ এফপিএমসি'র সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে বোরো সংগ্রহ-২০১৯ এ অভ্যন্তরীণভাবে সংগ্রহের বিভাগ/জেলা/উপজেলাওয়ারী বিভাজন অনুমোদন।

সূত্রঃ খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.০৮৩.৩৫.০০২.২০১৮-১৪, তারিখ: ২৫/০৮/২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের আলোকে অভ্যন্তরীণ বোরো সংগ্রহ-২০১৯ এর আওতায় ধান, সিন্দ ও আতপ চাল সংগ্রহের লক্ষ্যে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:

- (ক) ২০১৯ সালের বোরো সংগ্রহ মৌসুমে ১,৫০,০০০ (এক লাখ পঞ্চাশ হাজার) মেট্রিক টন ধান (চালের আকারে ১,০০,০০০ (এক লাখ) মেট্রিক টন), ১০,০০,০০০ (দশ লাখ) মেট্রিক টন সিন্দ চাল ও ১,৫০,০০০ (এক লাখ পঞ্চাশ হাজার) মেট্রিক টন আতপ চাল; চালের আকারে সর্বমোট ১২,৫০,০০০ (বার লাখ পঞ্চাশ হাজার) মেট্রিক টন সংগ্রহ করা হবে;
- (খ) ২০১৯ সালের সংগ্রহ মৌসুমে ১,৫০,০০০ (এক লাখ পঞ্চাশ হাজার) মেট্রিক টন ধান, ১০,০০,০০০ (দশ লাখ) মেট্রিক টন সিন্দ চাল ও ১,৫০,০০০ (এক লাখ পঞ্চাশ হাজার) মেট্রিক টন আতপ চাল নির্ধারিত সময়সীমার মধ্যে সংগ্রহ করতে হবে এবং সংগ্রহ নীতিমালা-২০১৭ এর পরিশিষ্ট-'ক' বিনির্দেশ অনুযায়ী ধান, সিন্দ চাল ও আতপ চাল সংগ্রহ করতে হবে;
- (গ) প্রতিকেজি ধানের সংগ্রহ মূল্য ২৬/- (ছুরিশ) টাকা, প্রতিকেজি সিন্দ চালের সংগ্রহ মূল্য ৩৬.০০ (ছয়ত্রিশ) টাকা ও প্রতিকেজি আতপ চালের সংগ্রহ মূল্য ৩৫/- (পাঁয়ত্রিশ) টাকা;
- (ঘ) ধান-চাল সংগ্রহের সময়সীমা হবে ২৫ এপ্রিল, ২০১৯ থেকে ৩১ আগস্ট, ২০১৯ পর্যন্ত;
- (ঙ) বোরো সংগ্রহ-২০১৯ এর আওতায় সিন্দ ও আতপ চালের জন্য মিলারদের সাথে চুক্তির সর্বশেষ সময়সীমা ০৬.০৫.২০১৯ খ্রি: তারিখ পর্যন্ত নির্ধারণ করা;
- (চ) মূলত: চাল ৩০ কেজি ধারণক্ষম বস্তায় সংগ্রহ করা; প্রতিটি বস্তার জামানত মূল্য ৬০.০০ (ষাট) টাকা নির্ধারণ করা। তবে প্রয়োজনে খাদ্য অধিদপ্তরের পূর্বানুমোদনক্রমে ৫০ কেজি ধারণক্ষম বস্তায় চাল সংগ্রহের লক্ষ্যে এর জামানত মূল্য ৮০.০০ (আশি) টাকা নির্ধারণ করা।
- (ছ) সরবরাহকৃত ধান-চালের মূল্য ডলারিউকিউএসসি দ্বারা সরাসরি সংশ্লিষ্ট মিলারের ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ করা;
- (জ) সংগ্রহ নীতিমালা-২০১৭ এর ২০(খ) অনুচ্ছেদ অনুযায়ী সংশ্লিষ্ট কমিটিকে সংগ্রহ করা পণ্যের মান যাচাই করে মান বিশ্লেষণ প্রতিবেদন নিয়মিতভাবে দাখিল করতে হবে এবং এ প্রতিবেদনের তথ্য পরবর্তীতে যাচাই করে সঠিক তথ্য পাওয়া না গেলে সংশ্লিষ্ট কমিটি এর জন্য দায়ী থাকবে;
- (ঝ) নির্ধারিত সময়ের মধ্যে অভ্যন্তরীণ সংগ্রহ নীতিমালা-২০১৭ এর আওতায় লক্ষ্যমাত্রার পুরো ধান, সিন্দ চাল ও আতপ চাল সংগ্রহ নিশ্চিত করতে হবে।

এক্ষণে উপরোক্ত সিদ্ধান্তের আলোকে ১,৫০,০০০ (এক লাখ পঞ্চাশ হাজার) মেট্রিক টন ধান, ১০,০০,০০০ (দশ লাখ) মেট্রিক টন সিন্দ চাল ও ১,৫০,০০০ (এক লাখ) মেট্রিক টন আতপ চালের উপজেলাওয়ারী বিভাজন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো। প্রেরিত লক্ষ্যমাত্রার বিভাজন তার অঞ্চলের অন্তর্ভুক্ত জেলা/উপজেলাসমূহে জেলা খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রকসহ সংশ্লিষ্ট সকলকে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

এমতাবস্থায়, উপরে বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী সংগ্রহ নীতিমালা-২০১৭ যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশিত মানের সিন্দ চাল সংগ্রহের জন্য সকলকে অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্ত: বর্ণনামতে ফর্দ।

প্রাপকঃ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
ঢাকা/রাজশাহী/রংপুর/খুলনা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল

১২০৩৩৩
২৫/৮/১৯
(জুলফিকার রহমান)
পরিচালক
সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
১২০৩৩৩

অনুলিপিঃ

- ১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা সদয় অবগতির জন্য।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা সদয় অবগতির জন্য।
- ৫। সকল পরিচালক.....খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী/অগ্রণী/জনতা/কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। সংশ্লিষ্ট শাখা ব্যাংক সমূহকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৮। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপর্যুক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, দপ্তরে ফ্যাক্স করার জন্য অনুরোধ করা হলো।
- ৯। সিলেক্টেড এনালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপর্যুক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

পরিচালক,
সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।